



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শেরপুর সরকারি কলেজ, শেরপুর।



তারিখ : ০৯/০৩/২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা শেরপুর সরকারি কলেজের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রী এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, উপবৃত্তি প্রাপ্তির লক্ষ্যে আগামী ১৬/০৩/২০২২ খ্রি. এর মধ্যে অফিস চলাকালীন নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে (আবেদন ফরম প্রাপ্তির স্থান- কলেজ গেইটের যে কোন ফটোকপির দোকান)। উল্লেখ্য পঙ্গু, প্রতিবন্ধী এবং এতিম শিক্ষার্থী, অসচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান, রিক্সা/ ভ্যান/ ঠেলাগাড়ি চালকের সন্তান, দিনমজুরের সন্তান, মহিলা গৃহকর্মীর সন্তান, নদী ভাঙ্গন কবলিত/ বাস্তুহারা পরিবারের সন্তান, দুঃস্থ পরিবারের সন্তান, উপার্জনে অসমর্থ/ বিকলাঙ্গ (যেমন- পঙ্গু, অন্ধ, বোবা প্রভৃতি) পিতামাতার সন্তান এবং হিজড়া শিক্ষার্থীকে উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে। উক্ত আবেদনপত্রের সাথে নিম্নে উল্লেখিত কাগজপত্রসহ কলেজ অফিসে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

আবেদনের সাথে সংশ্লিষ্ট কাগজপত্র :

- ০১। শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের ফটোকপি (অবশ্যই ১৭ ডিজিট সম্বলিত)
- ০২। পিতা/ মাতা/ অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি
- ০৩। শিক্ষার্থীর ভর্তির স্টুডেন্ট কপি
- ০৪। শিক্ষার্থীর উপবৃত্তি অর্থ প্রাপ্তির ক্ষেত্রে যে কোন বৈধ/ সচল অনলাইন ব্যাংক/ মোবাইল ব্যাংকিং একাউন্ট ব্যবহার করতে হবে।
- ০৫। অনলাইন/ এজেন্ট ব্যাংক এর ক্ষেত্রে একাউন্ট নম্বর ১৩-১৭ ডিজিট এবং মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে একাউন্ট নম্বর ১১-১২ ডিজিট হতে হবে।
- ০৬। শিক্ষার্থীর অভিভাবক হবেন পিতা অথবা মাতা। কেবলমাত্র পিতা মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/ বোন/ দাদা/ দাদী/ নানা/ নানী/ ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচন করা যাবে।
- ০৭। পাসপোর্ট সাইজের ছবি ০১ কপি

সাক্ষাতকার গ্রহণের তারিখ ও সময় :

- ০১। বিজ্ঞান শাখা ২১/০৩/২০২২ খ্রি., সোমবার সকাল ১০:০০ টায়
- ০২। মানবিক শাখা ২২/০৩/২০২২ খ্রি. মঙ্গলবার সকাল ১০:০০ টায়
- ০৩। ব্যবসায় শিক্ষা শাখা ২৩/০৩/২০২২ খ্রি, বুধবার সকাল ১০:০০ টায়

বিপ্লবঃ- সাক্ষাতকারের সময় শিক্ষার্থীর পিতা অথবা মাতাকে অবশ্যই সাথে আনতে হবে। অন্যথায় তার আবেদন বিবেচনা করা হবে না।

অধ্যক্ষ ০৯/৩/২২

শেরপুর সরকারি কলেজ, শেরপুর
ফোন- ০২৯৯৭৭৮১৪৬২
অধ্যক্ষ
শেরপুর সরকারি কলেজ
শেরপুর।